# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজে ব্যাবহারের জন্য ২৭০ টি অমৃত কলস আজ গহপুরে প্রেরণ ।

২) দুদিনের সফরসূচী নিয়ে কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণের আগামীকাল আসাম আগমন ।

৩) ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারিক প্রভাতী থাওসেনের আজ আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে কার্যভার গ্রহণ ।

এবং

৪) আসামের মূখ্য তথ্য আয়ুক্ত ভাস্করজ্যোতি মহন্তের পদত্যাগ ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গহপুরে শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের নির্মাণকাজে ব্যবহারের জন্য অমৃত কলস যাত্রা কার্যসূচীর অংশ হিসেবে সংরক্ষিত মাটির ২৭০ টি অমৃত কলস বহন করা বাহনের আজ ফ্লেগ অফ করেন । বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে সংরক্ষণ করে রাখা এই ২৭০ টি কলস গহপুরে নিয়ে যাওয়া হবে । উল্লেখ্য ২০২৩ সালের ২০ শে সেপ্টেম্বর থেকে রাজ্যে অমৃত কলস যাত্রা রুপায়ন করে প্রতিটি গ্রাম ও পৌর এলাকার প্রতিটি ওয়ার্ড থেকে সংগ্রহ করা মাটি বা চাল অমৃত কলসে সংগ্রহ করা হয়েছিল । মুখ্যমন্ত্রী ড: শর্মা তার ভাষনে শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয় রাজ্য

সরকারের একটি অন্যতম বিশেষ প্রকল্প বলে উল্লেখ করে বলেন যে এই বিশ্ববিদ্যালয়টি প্রযুক্তিগত ভিত্তিতে বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্রে দেশের প্রথম বিশ্ববিদ্যালয় হবে । গহপুরের ভোলাগুরি চাবাগানের ৭৩১ বিঘা জমিতে প্রায় ৫০০ কোটি টাকা ব্যয়ে এই বিশ্ববিদ্যালয়টি নির্মাণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়টি সব দিকে প্রথমসারির প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য রাজ্য সরকার পর্যাপ্ত অর্থ আবন্টনের ব্যবস্থা করেছে বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে এতে কৃত্তিম বুদ্ধীমত্তা , রবটিক সাইন্স , থ্রী ডি প্রিন্টিং সহ বেশ কিছু নতুন নতুন বিষয় অর্ন্তভূক্ত করা হবে । উল্লেখ্য কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ আগামী শনিবার এই বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

মুখ্যমন্ত্রী আজ সাংবাদিকদের সংগে কথা বার্তার সময় আগামী ডিসেম্বর মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আসামে আসার বিষয়ে ও জানান । শ্রী মোদী তার এই সফরকালে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরের নতুন আগমন প্রস্তান ভবন উদ্ভোধন করা সহ নামরুপের ১২ লক্ষ মেট্রিকটনের ইউরিয়া ও এমোনিয়া উৎপাদন প্রকল্পের উদ্ভোধন করবেন বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ দুদিনের আসাম সফরসূচী নিয়ে আগামীকাল গৌহাটীতে আসছেন । আগামীকাল সন্ধ্যায় তিনি উজান বাজারে ব্রক্ষ্মপুত্র রিভার ফ্রন্টের সতী রাধিকা শান্তি উদ্যান পাণবাজারের গেটওয়ে অফ গৌহাটীর অত্যাধুনিক ফেরী টার্মিনেল ও জেটির উদ্ভোধন করবেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া ও পরিবহন মন্ত্রী চরণ বড়ো উপস্থিত থাকবেন । এই প্রকল্প গৌহাটী মহানগরের পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করবে বলে আশা করা হচ্ছে । এর আগে কেন্দ্রীয় মন্ত্রী জাগীরোডের সেমি কন্ডাক্টর প্রকল্প স্থল পরিদর্শন করবেন । প্রকল্পস্থলে আয়োজিত এক অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রায় ৩০০ জন যুবক যুবতীর সংগে মত বিনিময় করবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশাত্মবোধক সঙ্গীত বন্দেমাতরমের সার্ধশত বর্ষের সঙ্গে সঙ্গতি রেখে আগামীকাল নতুন দিল্লীতে বছর ব্যাপী বিশেষ কার্যসূচীর সূচনা করবেন । সাংস্কৃতিক মন্ত্রণালয় জাতীয় সঙ্গীত বন্দেমাতরমের দেড়শ বছর পূর্তি উপলক্ষ্যে উৎসবের আয়োজন করেছে । আগামী বছরের ৭ নভেম্বর পর্যন্ত এই বছরব্যাপী কার্যসূচী চলবে । উল্লেখ্য দেড়শ বছর সম্পূর্ন করা বন্দেমাতরম সঙ্গীত জাতীয়তাবাদ ,একতা

তথা ব্রিটিশ শাসনের বিরুদ্ধে প্রতিরোধের সম্মিলিত ভাবনার প্রতীক হিসেবে প্রেরণা যুগিয়ে আসছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায়ও আগামীকাল বন্দেমাতরম সঙ্গীতের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সকাল ১০টায় বন্দেমাতরম গাওয়া হবে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আজ অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে দেশের জাতীয় গান বন্দেমাতরম-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে কেন্দ্রীয় সরকার থেকে গ্রহন করা বছরব্যাপী কার্যসূচীর অঙ্গ হিসেবে আগামীকাল সকাল ১০টায় শ্রীভূমি জেলায়ও সরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠানে সমবেত কণ্ঠে বন্দেমাতরম পরিবেশন করা হবে । এছাড়া সকাল সাড়ে দশটায় প্রধানমন্ত্রীর ভাষন সরাসরি সম্প্রচার করা হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং গৌহাটীর লাচিতঘাটে আগামী রবিবার অনুষ্ঠেয় ৯৩ তম বায়ুসেনা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । অনুষ্ঠানের অংশ হিসেবে ওইদিন দুপুর সাড়ে ১২ টা থেকে দুপুর দুটো পর্যন্ত এয়ার শো প্রদর্শন করা হবে । কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত এই এয়ার শোতে রাফেল ,মিগ ,সুখয় ইত্যাদির মতো ৭৫ টি বিমান অংশ নেবে । স্কুল কলেজের ছাত্র ছাত্রী সহ বৃদ্ধাশ্রমের আবাসিকদের অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে । ব্রহ্মপুত্রের পারে বায়ুসেনার সামরিক প্রদর্শনের অনুশীলনের পরিপ্রেক্ষিতে আজ থেকে ৯ নভেম্বর পর্যন্ত গৌহাটী - উত্তর গৌহাটীর মধ্যে ফেরী সেবা বন্ধ রাখা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারিক প্রভাতী থাওসেন আজ আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে কার্যভার গ্রহণ করেছেন । রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য আজ রাজভবনে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রীমতি থাওসেনকে শপথবাক্য পাঠ করান । অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু , বেশ কয়েকজন শীর্ষ আধিকারিক , আসাম লোকসেবা আয়োগের কয়েকজন সদস্য সহ অন্যান্য প্রবীন আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

বিচারপতি কৌশিক গোস্বামী আগামীকাল গৌহাটী হাই কোর্টের অতিরিক্ত বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করবেন । আগামীকাল হাই কোর্টের নতুন ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্য বিচারপতি আশুতোষ কুমার বিচারপতি গোস্বামীকে পদ ও গোপীনিয়তার শপথ বাক্য পাঠ করাবেন ।

-------------------------------------------------------------------------------------

আসামের মূখ্য তথ্য আয়ুক্ত ভাস্করজ্যোতি মহন্ত আজ পদত্যাগ করেছেন । রাজ্যের রাজ্যপালকে লেখা এক পত্রে শ্রী মহন্ত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের মৃত্যুর পর তাঁর ভাই শ্যামকানু মহন্তের বিরুদ্ধে বেশ কয়েকটি আর টি আই আবেদন দাখিল করা এবং এসম্পর্কে আপীল তথ্য কমিশনে আসার পরিপ্রেক্ষিতে পদত্যাগ করেছেন বলে জানিয়েছেন । তথ্য আয়োগের প্রধান হিসেবে এই আবেদনের আপীল সম্পর্কে কোনো রায় দেবার সময় তাঁর নিরপেক্ষতা সম্পর্কে কারো মনে সন্দেহের অবকাশ থাকতে পারে । তথ্য আয়োগ ও গণতন্ত্রের পরম্পরা রক্ষা করে বিবেকের আহ্বানে তিনি পদত্যাগ করেছেন বলে জানান । উল্লেখ্য ভারতীয় পুলিশ সেবার অবসরপ্রাপ্ত প্রবীণ আধিকারিক তথা আসামের প্রাক্তন পুলিশ সঞ্চালক প্রধান ভাস্করজ্যোতি মহন্ত ২০২৩ সালে রাজ্য মূখ্য তথ্য আয়ুক্তের পদে যোগ দিয়েছিলেন ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ জেলাটিতে ভূয়ো চিকিৎসকের বিরুদ্ধে অভিযান আব্যাহত রেখেছে । আজ পুলিশ লক্ষ্মীপুরে পয়লাপুলের বাসিন্দা শেখর আচার্য নামের এক ব্যাক্তিকে গ্রেপ্তার করেছে । এই ব্যাক্তি দীর্ঘদিন থেকে চিকিৎসক হিসেবে পরিচয় দিয়ে চিকিৎসা করে আসছিল বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । পুলিশ ধৃত ব্যাক্তির কাছ থেকে ভূয়ো প্রমানপত্র ও অন্যান্য নথি উদ্ধার করেছে । এপর্যন্ত জেলায় ১৮ জন ভূয়ো চিকিৎসক গ্রেপ্তার করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

লৌহ মানব সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে শ্রীভূমি জেলায় আগামী শনিবার একতা পদযাত্রা অনুষ্ঠিত হবে । ওইদিন সকাল ৮টায় শ্রীভূমি শহরের নীলমনি রোডের সিনিয়র সেকেন্ডারী স্কুল প্রাঙ্গন থেকে একতা পদযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে করিমগঞ্জ কলেজে গিয়ে শেষ হবে । পদ যাত্রায় সাংসদ , বিধায়ক , স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী , এন সি সি ক্যাডেট, সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহন করবেন । জেলা প্রশাসন থেকে একতা পদযাত্রায় অংশগ্রহনে ইচ্ছুক ব্যাক্তিদের মাই ভারত পোর্টালে নাম নথিভুক্ত করার আহ্বান জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

ভারত সেবাশ্রম সংঘের মাইবং প্রণবানন্দ বিদ্যামন্দিরের সঙ্গে শিলচরের নিরাময় স্কুল অব যোগ এডুকেশন মউ সাক্ষর করেছে । নিরাময়ের পক্ষে গভনির্ং কাউন্সিলের প্রধান শেখর চক্রবর্তী এবং বিদ্যামন্দিরের পক্ষে সচিব দিলীপ ভট্টাচার্য্য চুক্তি পত্রে সাক্ষর

করেন । উল্লেখ্য বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সহ সর্বস্তরের জনসাধারণের মধ্যে যোগকে ছড়িয়ে দিতে এই উদ্যোগ গ্রহন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার ৭৩৫টি নায্য মূল্যের দোকানে আগামী ১০ই নভেম্বর সকাল ১০টা থেকে রেহাই মূল্যের মুসুর ডাল, চিনি এবং লবন প্রদান করা হবে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আজ আয়োজিত এক সভায় জানানো হয় যে চলতি মাসের সামগ্রীগুলি আগামী ২০ নভেম্বর পর্য্যন্ত দেওয়া হবে । সভায় রেশন দোকান মালিকদের নিজেদের এলাকায় সচেতনতা বৃদ্ধি করার আহ্বান জানানো হয়েছে । আজকের সভায় জেলার সমবায় সমিতিগুলির সচিব , রেশন দোকান সংস্থার প্রতিনিধি সহ অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে ও বিজেপি যুব মোর্চার প্রতিনিধিরা অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------